বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

• তৃতীয় বর্ষ • ২য় সংখ্যা • মাঘ-ফাল্গুন ১৪২৮ • সময়সীমা : ০১ ফেব্রুয়ারি-০২ মার্চ ২০২২

## সৌজন্য সাক্ষাৎ



০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন H.E. Mustafa Osman Turan, Ambassador of The Republic of Turkey.

## সূচিপত্র


সৌজন্য সাক্ষাৎ

বিজিবি মহাপরিচালকের বিদায়

নবাগত বিজিবি মহাপরিচালকের যোগদান

আভিযানিক কার্যক্রম

প্রশিক্ষণ কার্যক্রম

অবসর (সুবেদার মেজর)

সিজার প্রতিবেদন

করোনা ভাইরাস সংক্রান্ত প্রতিবেদন

মৃত্যু প্রতিবেদন

দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ


bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd



০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন Mr. Bahtiyar Yilmaz, Counsellor for Security Cooperation and Interior Affairs of the Embassy of Turkey.



২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখে গণভবনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা** এর সাথে সৌজন্য সাক্ষাৎ শেষে শুভেচ্ছা স্মারক প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

## বিজিবি মহাপরিচালকের বিদায়




২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি এর বিদায় উপলক্ষ্যে সীমান্ত সম্মেলন কেন্দ্র পিলখানা, ঢাকায় দরবার অনুষ্ঠিত হয়। উক্ত দরবারে ভিটিসি এবং ওয়্যারলেস সেটের মাধ্যমে বিজিবিতে কর্মরত অফিসার্স ও অন্যান্য সকল সদস্য অংশগ্রহণ করেন।



২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিজিবি সীমান্ত গৌরবে পুস্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানান বিদায়ী বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে সদর দপ্তর বিজিবি এর অভয়ারণ্যে বৃক্ষরোপণ করেন বিদায়ী বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।


২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি এর বিদায় লগ্নে বিজিবি অফিসারবৃন্দ এবং অন্যান্য সকল সদস্য ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন।

# নবাগত বিজিবি মহাপরিচালকের যোগদান



২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর নতুন মহাপরিচালক হিসেবে যোগদান করেন। বর্ডার গার্ড বাংলাদেশ এ যোগদানের পূর্বে তিনি বাংলাদেশ সেনাবাহিনীর এ্যাডজুটেন্ট জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন।



০১ মার্চ ২০২২ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নবাগত বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি কে শুভেচ্ছা স্মারক প্রদান করেন জনাব মোঃ আসাদুজ্জামান খান, এমপি, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।




০২ মার্চ ২০২২ তারিখে সীমান্ত সম্মেলন কেন্দ্র, পিলখানা, ঢাকায় নবাগত বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি এর দরবার অনুষ্ঠিত হয়। উক্ত দরবারে ভিটিসি এবং ওয়্যারলেস সেটের মাধ্যমে বিজিবিতে কর্মরত অফিসার্স ও অন্যান্য সকল সদস্য অংশগ্রহণ করেন।



০২ মার্চ ২০২২ তারিখে বিজিবি সীমান্ত গৌরবে পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানান নবাগত বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।




০২ মার্চ ২০২২ তারিখে সদর দপ্তর বিজিবি এর অভয়ারণ্যে বৃক্ষরোপণ করেন নবাগত বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

## আভিযানিক কার্যক্রম



১৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে রুমা ব্যাটালিয়ন (৯ বিজিবি) এর অধিনায়ক কর্তৃক বরালিংছড়া বিওপির দায়িত্বপূর্ণ এলাকার মেইন পিলার-২৩৬০ পরিদর্শনের আলোকচিত্র।



২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি) এর ত্রিপুরাঘাট বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকায় ATV-যোগে টহল কার্যক্রম পরিচালনার আলোকচিত্র।




২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে কক্সবাজার ব্যাটালিয়ন (৩৪ বিজিবি) এর রেজুখাল চেকপোস্ট কর্তৃক ডগ সিপাহী চার্লি দ্বারা তল্লাশি করে ০১ জন আসামিসহ ১,৯৫০ পিস বার্মিজ ইয়াবা ও ২টি মোবাইল ফোন আটক করে। যার সিজার মূল্য ৫,৮৬,৫০০/- টাকা।




২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর বিশেষ টহলদল ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে ৩.১৭০ কেজি ক্রিস্টাল মেথ আইস উদ্ধার করে। যার সিজার মূল্য ১৫,৮৫,০০,০০০/- টাকা।

# প্রশিক্ষণ কার্যক্রম



১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিজিটিসিএন্ডসি এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৭তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কুচকাওয়াজ পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিজিটিসিএন্ডসি এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৭তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ শেষে সর্ব বিষয়ে সেরা নবীন সৈনিককে পুরস্কার প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।




১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৭তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্যারেডের অভিবাদন গ্রহণ করেন অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল বেনজীর আহমেদ, বিজিবিএমএস, এএফডব্লিউসি, পিএসসি।



০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) এর বাঁশতলা বিওপিতে এলএমজি অস্ত্রের উপর সতেজকরণ প্রশিক্ষণের আলোকচিত্র।

## অবসর (সুবেদার মেজর)



জেসিও-৭২৩৭ সুবেদার মেজর
মোঃ আব্দুল মোতালেব
রিজিয়ন সদর দপ্তর, সরাইল
অবসরের তারিখ : ২৭-০২-২২

## সিজার প্রতিবেদন

ফেব্রুয়ারি ২০২২ মাসে ৯২,৬২,৩৫,৬৯৭/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানি পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ১২,৮৪,২৩১ পিস ইয়াবা ট্যাবলেট, ৪৬,০২২ বোতল ফেনসিডিল, ৯.৯৭৬ কেজি হেরোইন, ১৫,০৭৪ বোতল বিদেশি মদ, ১,৩৪৮ বোতল বিয়ার, ১,৫২৭.৫ লিটার দেশি মদ, ১,৯৯১.২২ কেজি গাঁজা, ৪.১৭০ কেজি ক্রিস্টাল মেথ আইস এবং ৫,৫৭৯ টি নেশা জাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ১টি পিস্তল, ২টি গান, ১টি ম্যাগাজিন এবং ১১ রাউন্ড গোলাবারুদ। এছাড়াও অবৈধভাবে পাচারকালে ৩ জন পুরুষ, ১ জন নারী ও ২ জন শিশু উদ্ধার এবং ২ জন পাচারকারীকে আটক করা হয়েছে। এ ব্যাপারে ২,৬০৪টি মামলা দায়ের এবং ২৮৯ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## করোনা ভাইরাস সংক্রান্ত প্রতিবেদন

ফেব্রুয়ারি ২০২২ মাসে ৫৭ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নং, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | নম্বর-১০২১৪২ সিপাহী মোঃ আল আমিন | ফেনী ব্যাটালিয়ন (৪ বিজিবি) | ০২-০২-২০২২ | ক্যান্সার |
| ২। | নম্বর-৫৯৩০৫ হাবিলদার মোঃ মহরম আলী | বলিপাড়া ব্যাটালিয়ন (৩৮ বিজিবি) | ০৫-০২-২০২২ | পিত্তথলির ক্যান্সার |
| ৩। | বিএম-৩১ বুট মেকার শ্রী মোহন রবি দাস | রাজশাহী ব্যাটালিয়ন (১ বিজিবি) | ১২-০২-২০২২ | হার্ট অ্যাটাক |

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নম্বর, পদবি, নাম ও ইউনিট | অপরাধের সংক্ষিপ্ত বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | ৭৫৭৯০ মেডি. সহ. নায়েক<br>মোঃ রিয়াজুল ইসলাম<br>বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা | বিজি হাসপাতাল, ঢাকার ইমারজেন্সি বিভাগে ডিউটিরত অবস্থায় কৌশলে নেশা জাতীয় ইনজেকশন নিজের শরীরে পুশ করে এবং একাধিক ঘুমের ঔষধ সেবন করে। পরবর্তীতে ডোপ টেস্ট করা হলে 'পজিটিভ' ফলাফল আসে। এছাড়াও ছুটিতে গিয়ে এলকোহল জাতীয় সিরাপ ক্রয় এবং দীর্ঘ ৬ মাস যাবৎ বিভিন্ন নেশা জাতীয় দ্রব্য সেবন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৩-০২-২২।** |
| ২। | ১০০১১৬ সিগন্যাল সিটি<br>মোঃ মাহমুদুল হাসান<br>সেক্টর সদর দপ্তর, ঢাকা | বয়স পূর্তির পূর্বে বিবাহ, প্রতারণার আশ্রয় নিয়ে পুনরায় মহিলা সৈনিক সিপাহী আফরিন সুলতানা শিমুর সাথে ২য় বিবাহ এবং অনৈতিক উদ্দেশ্যে ২য় স্ত্রীর কাবিননামার কপি, ব্যক্তিগত ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ১৬-০২-২২।** |
| ৩। | ৭০২১৬ নায়েক<br>মোঃ জয়নাল আবেদীন<br>হবিগঞ্জ ব্যাটালিয়ন (৫৫ বিজিবি) | বিওপিতে কর্মরত থাকাকালীন বিভিন্ন সময়ে ইয়াবা, গাঁজা ও যৌন উত্তেজক ঔষধ সেবন, বিভিন্ন সময়ে শৃঙ্খলা বহির্ভূত কার্যকলাপে লিপ্ত হওয়া এবং অনুমতি ব্যতীত ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০৩-০২-২২।** |
| ৪। | ৬৮৫১৭ ল্যান্স নায়েক<br>মোঃ মোখলেছুর রহমান<br>সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) | বিওপিতে কর্মরত থাকাকালীন চোরাকারবারিদের সাথে যোগসাজশে ৫,৯৩,৭৫০/- টাকা উৎকোচ গ্রহণ, অন্যান্য বিজিবি সদস্যদের চোরাচালানি কাজে প্রভাবিত করা, চোরাকারবারিদের দিয়ে ভারত হতে পণ্য আনার পর সংশ্লিষ্ট বিওপির নামে সিজার দেখানো, চোরাকারবারিদের নিকট টহলের তথ্য প্রদান, মাদক সেবন, অনুমতি ব্যতীত দ্বিতীয় বিবাহ এবং ১১টি বাংলাদেশি ও ০১টি ভারতীয় সিম কার্ড নিজের কাছে রাখার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত এবং ০৩ মাস ০১ দিনের সশ্রম কারাদণ্ড, শাস্তি প্রদানের তারিখ- ১৩-০২-২২।** |
| ৫। | ৬৮১৭৯ নায়েক<br>মোঃ আলমগীর<br>সুলতানপুর ব্যাটালিয়ন<br>(৬০ বিজিবি) | বিওপি হতে বিভিন্ন সময় আটককৃত মালিকবিহীন সিজারকৃত মালামাল তসরুপ করে এবং সিজারকৃত মালামালের বিক্রয়কৃত টাকার মধ্যে ২,০৫,০০০/- টাকা আত্মসাৎ, উদ্দেশ্য প্রণোদিতভাবে ল্যাপটপ থেকে চোরাচালানির তথ্যাদি মুছে ফেলা ও ব্যক্তিগত মোবাইল ফোন ভেঙে ফেলা এবং ব্যাটালিয়নে জমাকৃত মাদকদ্রব্য গোপনে সেবন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২০-০২-২২।** |
| ৬। | ৪৬৪৮৯ সিপাহী<br>মোঃ আবুল কালাম আজাদ<br>সুলতানপুর ব্যাটালিয়ন<br>(৬০ বিজিবি) | বিওপিতে বিআইপি সদস্য হিসেবে কর্মরত থাকাকালীন চোরাকারবারিদের নিকট হতে উৎকোচ গ্রহণের মাধ্যমে চোরাচালানি কাজে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা, উৎকোচ গ্রহণকৃত ১৬,০০,০০০/- টাকা বিভিন্ন ব্যাংকে নিজের একাউন্টে প্রেরণ এবং নিয়মিত মাদক সেবন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২০-০২-২২।** |
| ৭। | ৯২৬৮৪ সিপাহী<br>শরিফুল ইসলাম<br>নীলফামারী ব্যাটালিয়ন<br>(৫৬ বিজিবি) | বিদেশে লোক পাঠানোর কথা বলে টাকা আত্মসাৎ করার দায়ে বেসামরিক ব্যক্তি কর্তৃক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহীতে মামলা দায়ের করার প্রেক্ষিতে বিজ্ঞ আদালত তাকে দোষী সাব্যস্ত করে '০১ বছরের সশ্রম কারাদণ্ড ও ৫,০০০/- টাকা অর্থদণ্ড অনাদায়ে ০২ মাসের বিনাশ্রম কারাদণ্ড' প্রদানের অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ- ২৭-০২-২২।** |